



**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours Part-III Examination, 2022

বাংলা

পঞ্চম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। মহাকাব্যের সংজ্ঞা দাও। ধ্রুপদী মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো এবং একটি বাংলা সাহিত্যিক মহাকাব্যের রচনারীতি বিশ্লেষণ করে ধ্রুপদী মহাকাব্যের সঙ্গে তার পার্থক্যের বিষয়টি বুঝিয়ে দাও। ৩+৫+১২
- অথবা
- উদাহরণসহ যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করোঃ ১০+১০  
(ক) গাথা বা ব্যালাড, (খ) সনেট, (গ) স্তোত্রকবিতা (ওড)
- ২। মর্ত্যনারীর স্বার্থপরতা এবং অপরের সৌভাগ্যের প্রতি ঈর্ষাবোধ, ‘দশরথের প্রতি কৈকেয়ী’ পত্রকাব্যের মূল বিষয় – আলোচনা করো। ১৬
- অথবা
- ‘দুঃস্বপ্নের প্রতি শকুন্তলা’ পত্রে শকুন্তলা চরিত্র নির্মাণে মধুসূদনের মৌলিকতার পরিচয় দাও। ১৬
- ৩। ‘সোনারতরী’ এবং ‘নিরুদ্দেশযাত্রা’ কবিতাদুটিতে যথাক্রমে ‘মানবাভিমুখিতার সুর’ এবং ‘সৌন্দর্যের নিরুদ্দিষ্ট লোকের আকাঙ্ক্ষার প্রবলতা’ – এই দুই ভিন্নমুখী ভাবনা কীভাবে লগ্ন হ’য়ে র’য়েছে তা’ আলোচনা করে দেখাও। ১৬
- অথবা
- পৃথিবীর প্রতি, জীবনের প্রতি গভীর আসক্তি ‘যেতে নাহি দিব’ কবিতার মূল ভাবসত্য – মস্তব্যটির যথার্থতা নির্দেশ করো। ১৬
- ৪। ‘সঞ্চিত্তা’ কাব্যের তোমার পাঠ্য কবিতাগুলি অনুসরণে নজরুলের বিদ্রোহী কবিমন ও একই সঙ্গে মানবতাবোধের পরিচয় দাও। ৮+৮
- অথবা
- ‘গানের আড়াল’ কবিতাটি অনুসরণে নজরুল ইসলামের করুণ-মধুর প্রেম-ভাবনার প্রকৃতি বিশ্লেষণ করে দেখাও। ১৬
- ৫। ইতিহাস আর প্রজ্ঞার মিলনে যে ‘সুচেতনা’র সৃষ্টি – বনলতা সেন পর্যায়ের কবিতাটি অনুসরণে তার পরিচয় দাও। প্রসঙ্গত, ইতিহাসবোধের পথে দীর্ঘসাধনার মধ্যে দিয়ে কীভাবে সত্যতার মুক্তি সম্ভব, তা’ ও বুঝিয়ে লেখো। ১৬
- অথবা
- শঙ্খ ঘোষের ‘বাবরের প্রার্থনা’ ইতিহাসের অনুসঙ্গে সমকালের প্রার্থনা, ব্যক্তি সংকটের আধারে বৃহত্তর সামাজিক সংকটের পরিচয়। ১৬  
— মস্তব্যটির যথার্থতা নির্দেশ করো।

৬। উদ্ধৃতাংশের কাব্যশৈলী বিচার করোঃ

১৬

এই তো জানু পেতে বসেছি, পশ্চিম  
আজ বসন্তের শূন্য হাত  
ধ্বংস করে দাও আমাকে যদি চাও  
আমার সন্ততি স্বপ্নে থাক।

কোথায় গেল ওর স্বচ্ছ যৌবন  
কোথায় কুরে খায় গোপন ক্ষয়!  
চোখের কোণে এই সমূহ পরাভব  
বিষায় ফুসফুস ধমনী শিরা!

জাগাও শহরের প্রান্তে প্রান্তরে  
ধূসর শূন্যের আজান গান;  
পাথর করে দাও আমাকে নিশ্চল  
আমার সন্ততি স্বপ্নে থাক।

না কি এ শরীরের পাপের বীজাণুতে  
কোনোই ত্রাণ নেই ভবিষ্যের ?  
আমারই বর্বর জয়ের উল্লাসে  
মৃত্যু ডেকে আনি নিজের ঘরে ?

না কি এ প্রাসাদের আলোর ঝলসানি  
পুড়িয়ে দেয় সব হৃদয় হাড়  
এবং শরীরের ভিতরে বাসা গড়ে  
লক্ষ নির্বোধ পতঙ্গের ?

আমারই হাতে এত দিয়েছ সন্তার  
জীর্ণ করে ওকে কোথায় নেবে ?  
ধ্বংস করে দাও আমাকে ঈশ্বর  
আমার সন্ততি স্বপ্নে থাক।

অথবা

ভরাট গর্ভের মত  
আকাশে আকাশে কেঁপে উঠছে মেঘ।  
বৃষ্টি আসবে।  
ঘাতকের স্টেনগান আর আমার মাঝবরাবর  
ঝরে যাবে বরফ-গলা গঙ্গোত্রী।  
আর একটু পরেই প্রতিটি মরা খাল-বিল-পুকুর  
কানায় কানায় ভরে উঠবে আমার মায়ের চোখের মত।  
প্রতিটি পাথর ঢেকে যাবে উদ্ভিদের সবুজ চুম্বনে।

১৬

**N.B. :** Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—